ভোরের কাগজ

64

তারিখ ... MAR. 0 1. 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# কাল থেকে এসএসসি পরীক্ষা শেষ হবে ১৪ দিনে

কাগজ প্রতিবেদক : দেশের পাঁচটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে আগামীকাল বৃহস্পতিবার থেকে একযোগে ২০০০ সালের এসএসসি পরীক্ষা শুরু হবে। এবারই সবচেয়ে কম সময়, ১৪ দিনের মধ্যে এসএসসির লিখিত পরীক্ষা শেষ করা হচ্ছে। আগামী ১৫ মার্চ পরীক্ষা শেষ হবে। ২ থেকে ১৫ মার্চের মধ্যে কেবল দুটি শুক্রবার সাপ্তাহিক ছুটির দিন পরীক্ষা নেই। কিন্তু শনিবার সাপ্তাহিক ছুটির দিনেও পরীক্ষা হবে।

পাঁচটি শিক্ষা বোর্ডে এবার প্রায় সাড়ে ৯ লাখ এসএসসি পরীক্ষার্থী। এর মধ্যে ঢাকা বোর্ডে ২ লাখ ৬২ হাজার ৪৯৫ জন, চট্টগ্রাম বোর্ডে ৭৪ হাজার ৬৬৯ জন, রাজশাহী বোর্ডে ২ লাখ ৭২ হাজার ৭৩২ জন, কুমিল্লা বোর্ডে ১ লাখ ৫২ হাজার ৮৩৮ জন এবং যশোর বোর্ডে ১ লাখ ৬৬ হাজার ৯৮৭ জন পরীক্ষার্থী। ১৫ মার্চ উল্লিখিত পাঁচটি শিক্ষা বোর্ডে এসএসসির লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর ২৭ থেকে ৩১ মার্চের মধ্যে ব্যবহারিক পরীক্ষা নেওয়া হবে।

এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলো সকল প্রস্তুতি গ্রহণ করেছে। পরীক্ষা সুষ্ঠুভাবে হচ্ছে কি না তা পর্যবেক্ষণের জন্য

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

## কাল থেকে এসএসসি পরীক্ষা

● প্রথম পাতার পর

শিক্ষা বোর্ডগুলো ভিজিল্যান্স টিম গঠন করেছে। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ড ২ সদস্যের মোট ৩১টি পর্যবেক্ষক দল গঠন করেছে। তাদেরকে প্রতি পরীক্ষা কেন্দ্রের একটি পূর্ণাঙ্গ রিপোর্ট পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে জমা দিতে বলা হয়েছে। শিক্ষা বোর্ডগুলোর পক্ষ থেকে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য পর্যবেক্ষণ দল পাঠানোর অনুরোধ জানানো হয়।

পরীক্ষা চলাকালে দেশের সকল পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের ভেতর ১৪৪ ধারা জারি থাকবে। এ সময় পরীক্ষা কেন্দ্রের ভেতর পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিরা ছাড়া আর কেউ ঢুকতে পারবে না।

সূত্র জানায়, পরীক্ষার প্রশ্নপত্র ও খাতা যথাযথভাবে বিলি করার লক্ষ্যে শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিনেও যেন সারা দেশে পোস্ট অফিসগুলো খোলা থাকে সে জন্য বোর্ডগুলোর পক্ষ থেকে পোস্ট মাস্টার জেনারেলের কাছে অনুরোধ জানানো হয়েছে।

পরীক্ষা কেন্দ্রে নকল প্রতিরোধে এবং কোনো বিঘ্ন হলে দ্রুত তার সমাধানের জন্য বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে বিশেষ দল নিয়োজিত থাকবে। এ ছাড়াও কোনো পরীক্ষা কেন্দ্রে নকল বা বিশৃঙ্খলার ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে ঐ কেন্দ্র বাতিল করে পাশের কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এ বিষয়ে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত নেবেন। বিঘ্ন সৃষ্টি হওয়া পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনে আধা সামরিক বাহিনী নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ রয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ঢাকা শিক্ষা বোর্ড বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকল প্রবণতার আশঙ্কা করে সেগুলোতে বিশেষ নজর রাখার ব্যবস্থা করেছে। এই কেন্দ্রগুলোর মধ্যে কয়েকটি- সরিষাবাড়ী, মেলান্দহ, মনোহরদী, ভবের চর, আলফাডাঙ্গা, কাররচর ও ভাঙ্গা।